
৪৩ তম প্রিলি

# ফুল কোর্স

# বাংলা সাহিত্য

লেকচার: ০৬

রবীন্দ্রনাথ ঠাকুর এবং কাজী নজরুল ইসলাম




Activate Windows
Go to Settings to activate Windows.

## রবীন্দ্রনাথ কুষ্টিয়া

## বাংলাদেশ ও রবি ঠাকুর

1. খুলনা
2. কুষ্টিয়া = শিলাইদহ
3. নওগাঁ = পতিসর
4. সিরাজগঞ্জ = শাহজাদপুর

| | | |
|---|---|---|
| বিশ্বকবি | = ব্রহ্মবান্ধব | = উঃ বঃ |
| গুরুদেব | = গান্ধী | = গাঁ |
| কবিগুরু | = ক্ষিতিমোহন | = ক্ষি |

দ্বারকানাথ = দাদা
দেবেন্দ্রনাথ = পিতা
জ্যোতিরিন্দ্রনাথ = ভাই
স্বর্ণকুমারী দেবী = বোন

## জাতীয় সংগীত ও রবি ঠাকুর


রচনা = ১৯০৫
প্রেক্ষাপট = বঙ্গভঙ্গ
প্রকাশ = ১৯০৫ = বঙ্গদর্শন
বিষয় = প্রকৃতি ও দেশপ্রেম
লাইন = ১ম ১০ লাইন (২৫)
১ম ৪ চরণ
সুর = বাউল সুর
গগন হরকরা
গীতবিতান
আমার সোনার বাংলা

জল পড়ে পাতা নড়ে
হিন্দু মেলার উপহার
বনফুল
কবিকাহিনী
বনফুল (১৮৭৫)

## নারী প্রভাব

বউ = ভবতারিণী দেবী / মৃণালিনী
ভাবি = কাদম্বরী দেবী
ইন্দিরা দেবী = ভাতিজি
৪. ভিক্টোরিয়া ওকাম্পো = বিজয়া
৫.

পূরবী



উপসর্গ মূল / ধাতু | শেষ

# রবীন্দ্রনাথ ঠাকুর

## রবীন্দ্র পরিক্রমাঃ

- ১৮৬১ – এশিয়ার প্রথম সাহিত্যে নোবেল বিজয়ী রবীন্দ্রনাথ ঠাকুর ৭ মে, ১৮৬১ ( ২৫ বৈশাখ, ১২৬৮ বঙ্গাব্দে) কলকাতার জোড়াসাঁকোর বিখ্যাত ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন।
- ১৮৬৩ – পিতা দেবেন্দ্রনাথ বোলপুরে বিশ্বভারতী প্রতিষ্ঠার জন্য দশ বিঘা জমি বার্ষিক পাঁচ টাকা খাজনায় মৌরসি স্বত্ব নেন।
- ১৮৭৫ – মাতা সারদা দেবীর মৃত্যু হয়।
- ১৮৭৬ – বঙ্কিমচন্দ্রের সাথে কবির সাক্ষাত হয়।
- ১৮৭৮ – ‘কবি-কাহিনি’ প্রকাশিত হয় এবং কবি প্রথম বিলাত (ইংল্যান্ড) সফর করেন।
- ১৮৮০ – ‘বনফুল’ কাব্যোপন্যাস প্রকাশিত হয়।
- ১৮৮২ – বঙ্কিমচন্দ্র রবীন্দ্রনাথের ‘সন্ধ্যা সঙ্গীত’ কাব্যের প্রশংসা করে নিজের গলার মালা কবিকে পরিয়ে দেন।
- ১৮৮৩ – কবি মৃণালিনী দেবীর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন।

# রবীন্দ্রনাথ ঠাকুর

## রবীন্দ্র পরিক্রমাঃ

- ১৮৮৪ – কবির প্রিয় বৌদি কাদম্বরী দেবীর মৃত্যু হয়।
- ১৮৮৬ – কবির প্রথম কন্যা সন্তান মাধুরীলতার জন্ম হয়।
- ১৮৮৮ – কবি শান্তিনিকেতনে আশ্রম প্রতিষ্ঠা করেন এবং পুত্র রথীন্দ্রনাথের জন্ম হয়।
- ১৮৯১ – কবির তৃতীয় সন্তান রেণুকার জন্ম হয়। ‘য়ুরোপ যাত্রীর ডায়েরি’ ভ্রমণকাহিনি প্রকাশিত হয়।
- ১৮৯৯ – কবি সপরিবারে শিলাইদহ বাস করতে থাকেন।
- ১৯০১ – শান্তিনিকেতনে ব্রহ্মচর্যাশ্রম নামে একটি আবাসিক বিদ্যালয় স্থাপন করেন যা পরবর্তীতে ১৯২১ সালে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হয়। ‘নৈবেদ্য’ কাব্যগ্রন্থ প্রকাশিত হয়।
- ১৯০২ – মৃণালিনী দেবী মারা যান।
- ১৯০৩ – ‘চোখের বালি’ উপন্যাস প্রকাশিত হয়। কন্যা রেণুকা মারা যায়।

# রবীন্দ্রনাথ ঠাকুর

## রবীন্দ্র পরিক্রমাঃ

- ১৯০৬ – কৃষি শিক্ষার জন্য পুত্র রথীন্দ্রনাথকে আমেরিকায় পাঠান। খেয়া কাব্যগ্রন্থ এবং নৌকাডুবি উপন্যাস প্রকাশিত হয়।
- ১৯০৭ – পুত্র শমীন্দ্রনাথ মারা যান।
- ১৯১৩ – গীতাঞ্জলির জন্য কবি নোবেল পুরস্কার পান। কলকাতা বিশ্ববিদ্যালয় কবিকে ডি লিট উপাধি দেয়।
- ১৯১৫ – ভারত সরকার কর্তৃক 'নাইট' উপাধি পান, যদিও ১৯১৯ সালে জালিয়ানওয়ালাবাগের ঘটনায় এ উপাধি ত্যাগ করেন।
- ১৯২১ – কবি জগত্তারিণী পদক পান।
- ১৯৩৬ – ঢাকা বিশ্ববিদ্যালয় কবিকে ডক্টরেট ডিগ্রী প্রদান করেন।
- ১৯৪১ – ২৯ জুলাই কবি নিজের হাতে শেষ কবিতা 'দুঃখের আধার রাত্রি' লেখেন। ৩০ জুলাই মুখে মুখে বলে যান শেষ কবিতা 'তোমার সৃষ্টির পথ রেখেছো আকীর্ণ করি'।
- ১৯৪১ – ৭ আগস্ট (২২ শ্রাবণ ১৩৪৮ বঙ্গাব্দে) রাখী পূর্ণিমার দিন ৮০ বছর বয়সে কবি মারা যান।

# রবীন্দ্রনাথ ঠাকুর

## উপন্যাসঃ

রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস বাংলা ভাষায় তাঁর অন্যতম জনপ্রিয় সাহিত্যকর্ম। ১৮৮৩ থেকে ১৯৩৪ সালের মধ্যে রবীন্দ্রনাথ মোট তেরোটি উপন্যাস রচনা করেছিলেন। এগুলির মধ্যে উল্লেখযোগ্য হল: চোখের বালি, গোরা, ঘরে বাইরে, চতুরঙ্গ, শেষের কবিতা, যোগাযোগ, চার অধ্যায় ইত্যাদি। তবে করুণা উপন্যাসটি তাঁর জীবদ্দশায় গ্রন্থাকারে প্রকাশিত হয়নি।

রবীন্দ্রনাথের উপন্যাসগুলি বাঙালি পাঠকসমাজে জনপ্রিয়তা পেলেও বহির্বঙ্গে এগুলি খুব একটা পরিচিতি পায়নি। পরবর্তীকালে সত্যজিৎ রায় ঘরে বাইরে চলচ্চিত্রায়ণের মাধ্যমে উপন্যাসটিকে পাশ্চাত্য বিদ্বজ্জন সমাজে তুলে ধরেন। রবীন্দ্র-উপন্যাসের আরও দুটি বহু-প্রশংসিত চলচ্চিত্রায়ণ হল ঋতুপর্ণ ঘোষ পরিচালিত চোখের বালি ও সুমন মুখোপাধ্যায় পরিচালিত চতুরঙ্গ।

প্রথম প্রকাশিত উপন্যাস ‘বৌ ঠাকুরানীর হাট’ , তবে ‘করুণা’ কবির রচিত প্রথম উপন্যাস (রচনা ১৮৭৭-১৮৭৮) যা কবির মৃত্যুর পরে প্রকাশিত হয় (প্রকাশ ১৯৬১)।

# রবীন্দ্রনাথ ঠাকুর

## রবীন্দ্রনাথ নিয়ে কিছু কথাঃ

- ঠাকুর পরিবারের আসল পদবি ছিল – কুশারী।
- রবীন্দ্রনাথকে বিশ্বকবি উপাধি দেন ব্রহ্মবান্ধব উপাধ্যায়।
- কবিগুরু উপাধি দেন ক্ষিতি মোহন সেন, ‘গুরুদেব’ উপাধি দেন মহাত্মা গান্ধী।
- কবির পূর্বপুরুষের আদি বসতি খুলনা জেলার রূপসা উপজেলার পিঠাভোগ গ্রামে।
- শান্তিনিকেতন ও বিশ্বভারতী কবির সবচেয়ে বড় অবদান।
- রবীন্দ্রনাথের সার্ধশত জন্মবার্ষিক পালিত হয় – ২০১১ সালে।
- রবীন্দ্রনাথের প্রথম প্রকাশিত কবিতা – ‘হিন্দু মেলার উপহার’।
- প্রথম গ্রন্থাগারে প্রকাশিত কাব্যগ্রন্থ – ‘কবিকাহিনী’ (১৮৭৮)।

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

# রবীন্দ্রনাথ ঠাকুর

## উপন্যাসঃ

করুণা ১৮৭৭-১৮৭৮ (১৯৬১) এটি রবীন্দ্রনাথের লেখা প্রথম উপন্যাস। তবে এটি তাঁর জীবদ্দশায় গ্রন্থাকারে প্রকাশিত হয় নি। এটি 'ভারতী' পত্রিকায় ১৮৭৭-১৮৭৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত ধারাবাহিকভাবে প্রকাশিত হয়। ১৯৬১ সালে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রকাশিত রবীন্দ্র রচনাবলীতে 'করুণা' প্রথম প্রকাশিত হয়। এটির পরিশেষ হয়নি বলে এটি উপন্যাসের সম্পূর্ণ মর্যাদা পায়নি (অসমাপ্ত উপন্যাস)। এটিকে বাদ দিয়ে রবীন্দ্রনাথ মোট তেরোটি উপন্যাস লিখেছেন।

বৌ-ঠাকুরাণীর হাট ১৮৮৩, রবীন্দ্রনাথের প্রথম গ্রন্থাকারে প্রকাশিত উপন্যাস। যশোরের রাজা প্রতাপাদিত্য ও বাকলার জমিদার রামচন্দ্রের বিবাদকে উপজীব্য করে রচিত ঐতিহাসিক উপন্যাস। ১৩১৬ বঙ্গাব্দে বৌ-ঠাকুরাণীর হাট অবলম্বনে রচিত হয় রবীন্দ্রনাথের প্রায়শ্চিত্ত নাটকটি। প্রায়শ্চিত্ত ১৩৩৬ বঙ্গাব্দে পুনর্লিখিত হয়ে পরিত্রাণ নামে মুদ্রিত হয়।

রাজর্ষি ১৮৮৭, ত্রিপুরার রাজপরিবারের ইতিহাস নিয়ে রচিত ঐতিহাসিক উপন্যাস। ১২৯৭ বঙ্গাব্দে এই উপন্যাসের প্রথমাংশ অবলম্বনে বিসর্জন নাটকটি রচিত হয়।

চোখের বালি ১৯০৩, সামাজিক-মনস্তাত্ত্বিক উপন্যাস। রবীন্দ্রনাথের অন্যতম শ্রেষ্ঠ উপন্যাস। ২০০৩ সালে ঋতুপর্ণ ঘোষ এই উপন্যাস অবলম্বনে চোখের বালি চলচ্চিত্রটি নির্মাণ করেন।

নৌকাডুবি ১৯০৬, সামাজিক উপন্যাস। ১৩১০-১১ বঙ্গাব্দে বঙ্গদর্শন পত্রিকায় প্রকাশিত হয়।

# রবীন্দ্রনাথ ঠাকুর

## উপন্যাসঃ

প্রজাপতির নির্বন্ধ ১৯০৮, হাস্যরসাত্মক উপন্যাস। ১৩১১ বঙ্গাব্দে রবীন্দ্র-গ্রন্থাবলি ('হিতবাদীর উপহার') সংকলনে চিরকুমার সভা নামে প্রকাশিত হয়। পরে চিরকুমার সভা নামে এই উপন্যাসের নাট্যরূপটি ১৩৩২ বঙ্গাব্দে প্রকাশিত হয়।

গোরা, ১৯১০, মহাকাব্যিক উপন্যাস। রবীন্দ্রনাথের দীর্ঘতম উপন্যাস। দেশ পত্রিকার বিচারে বিংশ শতাব্দীর শ্রেষ্ঠ বাংলা উপন্যাস।

ঘরে বাইরে ১৯১৬, রাজনৈতিক উপন্যাস। চলিত ভাষায় লেখা রবীন্দ্রনাথের প্রথম উপন্যাস। ১৯৮৪ সালে সত্যজিৎ রায় এই উপন্যাস অবলম্বনে ঘরে বাইরে চলচ্চিত্রখানি নির্মাণ করেন।

চতুরঙ্গ ১৯১৬, সামাজিক-মনস্তাত্ত্বিক উপন্যাস। সাধুভাষায় লিখিত রবীন্দ্রনাথের সর্বশেষ উপন্যাস। রবীন্দ্রনাথের অন্যতম শ্রেষ্ঠ উপন্যাস বলে বিবেচিত হয়। ২০০৮ সালে সুমন মুখোপাধ্যায় এই উপন্যাস অবলম্বনে চতুরঙ্গ চলচ্চিত্রখানি নির্মাণ করেন।

# POLL QUESTION-01

➲ রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম ও শেষ ছোটগল্প কোনটি ?

(a) নষ্টনীড় ও সমাপ্তি

(b) ভিখারিণী ও ল্যাবরেটরী

(c) একরাত্রি ও ল্যাবরেটরি

(d) ভিখারিণী ও আপদ

# রবীন্দ্রনাথ ঠাকুর

## উপন্যাসঃ

যোগাযোগ ১৯২৯, সামাজিক-মনস্তাত্ত্বিক উপন্যাস। বিচিত্রা মাসিকপত্রে ধারাবাহিকরূপে প্রকাশিত হয় (আশ্বিন, ১৩৩৪ - চৈত্র, ১৩৩৫)। পত্রিকায় প্রকাশকালে নাম ছিল তিন-পুরুষ।

শেষের কবিতা ১৯২৯, রোমান্টিক-মনস্তাত্ত্বিক কাব্যিক উপন্যাস। রবীন্দ্রনাথের অন্যতম শ্রেষ্ঠ উপন্যাস।

দুই বোন ১৯৩৩, এটি পরকীয়া-বিষয়ক মিলনান্তক উপন্যাস।

মালঞ্চ ১৯৩৪, সামাজিক-মনস্তাত্ত্বিক উপন্যাস। নর-নারীর জটিল সম্পর্ক নিয়ে রচিত রবীন্দ্রনাথের একটি সংক্ষিপ্ত উপন্যাস।

চার অধ্যায় ১৯৩৪, রাজনৈতিক উপন্যাস। এই উপন্যাসে রবীন্দ্রনাথ সশস্ত্র বিপ্লববাদের বিরুদ্ধে বিতৃষ্ণা প্রকাশ করায় বিতর্কের সৃষ্টি হয়। উৎপল দত্ত উপন্যাসটির নাট্যরূপ মঞ্চায়ন করেছিলেন।

# রবীন্দ্রনাথ ঠাকুর

## কাব্যগ্রন্থঃ

- সোনার তরী (১৮৯৪)
- চিত্রা (১৮৯৬)
- চৈতালি (১৮৯৬)
- গীতাঞ্জলি (১৯১০)
- বলাকা (১৯১৬)
- পূরবী (১৯২৫)
- মহুয়া
- কল্পনা (১৯০০)
- ক্ষণিকা (১৯০০)
- পুনশ্চ (১৯৩২)
- পত্রপুট (১৯৩৬)
- সেঁজুতি (১৯৩৮)
- ভগ্নহৃদয় (১৮৮১)

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

# রবীন্দ্রনাথ ঠাকুর

**ছোটগল্পঃ**

- দেনা পাওনা
- পোস্টমাস্টার
- গিন্নি
- সুভা
- ব্যবধান
- তারাপ্রসন্নের কীর্তি–
- খোকাবাবুর প্রত্যাবর্তন
- সম্পত্তি-সমর্পণ
- কঙ্কাল
- একরাত্রি
- একটা আষাঢ়ে গল্প
- জীবিত ও মৃত
- কাবুলিওয়ালা
- মহামায়া
- রামকানাইয়ের নির্বুদ্ধিতা
- ঠাকুরদা
- দানপ্রতিদান
- মধ্যবর্তনী
- শাস্তি–
- সমাপ্তি
- মেঘ ও রৌদ্র
- প্রায়শ্চিত
- বিচারক
- নিশীথে
- আপদ
- দিদি
- প্রতিহিংসা
- অতিথি

# রবীন্দ্রনাথ ঠাকুর

## ছোটগল্পঃ

- পুত্রযজ্ঞ
- ডিটেকটিভ
- অধ্যাপক
- রাজটিকা
- উদ্ধার
- ফেল
- শুভদৃষ্টি
- উলুখরের বিপদ
- প্রতিবেশিনী
- মাল্যদান
- কর্মফল
- গুপ্তধন
- মাস্টার মশায়
- রাসমনির ছেলে
- হৈমন্তী
- স্ত্রীর পত্র
- ভাইফোটা
- শেষের রাত্রি
- অপরিচিতা
- পাত্র ও পাত্রী
- সংস্কার
- বলাই
- চিত্রকর
- চোরাই ধন
- রবিবার
- শেষ কথা
- ল্যাবরেটরী
- শেষ পুরস্কার
- পণরক্ষা
- ক্ষুধিতপাষাণ
- দুর্বুদ্ধি
- ছুটি

# POLL QUESTION-02

➲ নিচের কোনটি সামাজিক উপন্যাস ?

(a) রাজর্ষি

(b) চোখের বালি

(c) নৌকাডুবি

(d) ঘরে বাইরে

# রবীন্দ্রনাথ ঠাকুর

**নাটকঃ**

- প্রকৃতির প্রতিশোধ (১৮৮৪)
- বিসর্জন
- বৈকুণ্ঠের খাতা
- কাহিনী
- হাস্যকৌতুক
- ব্যঙ্গকৌতুক
- শারদোৎসব
- গুরু
- বসন্ত
- চিরকুমার সভা
- গৃহপ্রবেশ
- নটরাজ
- শেষ রক্ষা
- নবীন
- শ্যামা (১৯৩৯), নৃত্যনাট্য
- নলিনী
- মালঞ্চ
- গোড়ায় গলদ
- মালিনী
- মুকুট
- ফাল্গুনী
- অরূপরতন
- ঋণশোধ
- শোধবোধ
- শেষ বর্ষণ
- পরিত্রাণ

# রবীন্দ্রনাথ ঠাকুর

## নাটকঃ

- বাঁশরি
- শ্রাবণগাথা
- মুক্তির উপায়
- কালমৃগয়া
- রাজা ও রাণী (১৮৮৯)
- কালের যাত্রা
- মুক্তধারা (১৯২২)
- রক্তকরবী (১৯২৬)
- নটীর পূজা (১৯২৬)
- রুদ্রচণ্ড, (১৮৮১) কাব্যনাট্য
- চিত্রাঙ্গদা (১৮৯২), কাব্যনাট্য
- বাল্মীকিপ্রতিভা (১৮৮১), গীতিনাট্য
- মায়ার খেলা (১৮৮৮), গীতিনাট্য
- প্রায়শ্চিত্ত (১৯০৯)
- রাজা (১৯১০)
- অচলায়তন (১৯১১)
- ডাকঘর (১৯১২)
- তাসের দেশ (১৯৩৩)
- চণ্ডালিকা (১৯৩৩),
- চণ্ডালিকা (১৯৩৮), নৃত্যনাট্য

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

# রবীন্দ্রনাথ ঠাকুর

প্রবন্ধঃ

- কালান্তর
- কর্তার ইচ্ছায় কর্ম
- শিক্ষার মিলন
- সত্যের আহবান
- চরকা
- রায়তের কথা
- বৃহত্তর ভারত
- হিন্দু মুসলমান
- স্বামী শ্রদ্ধানন্দ
- রবীন্দ্রনাথের রাষ্ট্রনৈতিক মত
- হিজলী ও চট্টগ্রাম
- প্রচলিত দণ্ডবিধি
- নারী
- দেশনায়ক
- মহাজাতি-সদন
- নবযুগ
- প্রলয়ের সৃষ্টি
- আরোগ্য
- সভ্যতার সংকট
- মানুষের ধর্ম
- পঞ্চভূত

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

# রবীন্দ্রনাথ ঠাকুর

## ভ্রমণ কাহিনি

✓ য়ুরোপ প্রবাসীর পত্র (১৮৮১)

✓ রাশিয়ার চিঠি (১৯১৯)

✓ পারস্যে (১৯১৯)

✓ জাপান যাত্রী (১৯৩১)

## জীবনীমূলক

✓ জীবনস্মৃতি (১৯১২)

▪ চরিত্রপূজা (১৯০৭)

## পত্র-সাহিত্য

❖ ছিন্নপত্র

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

# POLL QUESTION-03

➲ তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করি – কোন কাব্যের কবিতা ?

(a) ক্ষণিকা

(b) শেষলেখা

(c) পূরবী

(d) চিত্রা

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ রবীন্দ্রনাথ ঠাকুরের 'নষ্টনীড়' গল্পের একটি বিখ্যাত চরিত্র- [৪১তম বিসিএস]

(ক) বিনোদিনী (খ) হৈমন্তী (গ) আশালতা (ঘ) চারুলতা

➲ বিধবার প্রেম নিয়ে রচিত উপন্যাস কোনটি? [৪১তম বিসিএস]

(ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'শেষ প্রশ্ন' (খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'চোখের বালি'

(গ) কাজী নজরুল ইসলামের 'কুহেলিকা' (ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কপালকুণ্ডলা'

➲ 'জীবনস্মৃতি' কার রচনা? [৪০তম বিসিএস]

(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (খ) রবীন্দ্রনাথ ঠাকুর

(গ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (ঘ) রোকেয়া সাখাওয়াত হোসেন

➲ "কিন্তু আরম্ভের পূর্বেও আরম্ভ আছে। সন্ধ্যাবেলায় দীপ জ্বালার আগে সকালবেলায় সলতে পাকানো"-বাক্যদ্বয় কোন রচনা থেকে উদ্ধৃত? [৪০তম বিসিএস]

(ক) নৌকাডুবি (খ) চোখের বালি (গ) যোগাযোগ (ঘ) শেষের কবিতা

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কৌতুক নাটক হচ্ছে– [৩৯তম বিসিএস]

(ক) বৈকুণ্ঠের খাতা (খ) জামাই বারিক (গ) বিবাহ-বিভ্রাট (ঘ) হিতে বিপরীত

➲ 'চন্দরা' চরিত্রের স্রষ্টা কে? [৩৮তম বিসিএস]

(ক) বুদ্ধদেব বসু (খ) রবীন্দ্রনাথ ঠাকুর (গ) মীর মশাররফ হোসেন (ঘ) সৈয়দ শামসুল হক

➲ কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ? [৩৮তম বিসিএস]

(ক) শেষলেখা (খ) শেষপ্রশ্ন (গ) শেষকথা (ঘ) শেষদিন

➲ 'আমি এ কথা, এ ব্যথা, সুখব্যাকুলতা কাহার চরণতলে দিব নিছনি'–রবীন্দ্রনাথের এ গানে 'নিছনি' কী অর্থে ব্যবহৃত হয়েছে? [৩৭তম বিসিএস]

(ক) অপনোদন অর্থে (খ) পূজা অর্থে (গ) বিলানো অর্থে (ঘ) উপহার অর্থে

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ রবীন্দ্রনাথ ঠাকুরের 'গীতাঞ্জলি' কাব্য প্রকাশিত হয় কত সনে? [৩৭তম বিসিএস]

(ক) ১৯১০ (খ) ১৯১১ (গ) ১৯১২ (ঘ) ১৯১৩

➲ নিচের কোন চরিত্র দুটি রবীন্দ্রনাথের 'ঘরে বাইরে' উপন্যাসের? [৩৬তম বিসিএস]

(ক) বিহারী-বিনোদিনী (খ) নিখিলেশ-বিমলা (গ) মধুসূদন-কুমুদিনী (ঘ) অমিত-লাবণ্য

➲ 'একখানি ছোট ক্ষেত আমি একেলা'– রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কবিতার চরণ? [৩৬তম বিসিএস]

(ক) সোনার তরী (খ) চিত্রা (গ) মানসী (ঘ) বলাকা

➲ কোনটি রবীন্দ্ররচনার অন্তর্গত নয়? [৩৫তম বিসিএস]

(ক) "কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও?"

(খ) "অগ্নিগ্রাসী বিশ্বত্রাসি জাগুক আবার আত্মদান।"

(গ) "প্রাণের মানুষ আছে প্রাণে তাই হেরি তায় সকল খানে?"

(ঘ) "কি আঁচল বিছায়েছ বটের মূলে নদীর কূলে।"

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

- ‘ভানুসিংহ ঠাকুর’ কার ছদ্মনাম? [৩৪তম বিসিএস]

  (ক) দীনবন্ধু মিত্র (খ) রবীন্দ্রনাথ ঠাকুর (গ) প্রমথ চৌধুরী (ঘ) জীবনানন্দ দাশ

- ‘ঘরে বাইরে’ উপন্যাসটি কার লেখা? [৩৪তম বিসিএস]

  (ক) আলাওল (খ) কাজী দীন মুহম্মদ

  (গ) কাজী মোতাহের হোসেন (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর

- ‘গীতাঞ্জলির’ ইংরেজি অনুবাদ সম্পাদনা করেছেন – [৩৪তম বিসিএস]

  (ক) এজরা পাউন্ড (খ) টি. এস. এলিয়ট (গ) ডবলিউ. বি. ইয়েটস (ঘ) কীটস

- ‘ছিন্নপত্রে’র অধিকাংশ পত্র কাকে উদ্দেশ্য করে লেখা? [৩১তম বিসিএস]

  (ক) ইন্দিরা দেবী (খ) কাদম্বরী দেবী (গ) মৃণালিনী দেবী (ঘ) মৈত্রেয়ী দেবী

- রবীন্দ্রনাথের ‘সোনার তরী’ কবিতা কোন ছন্দে রচিত? [৩০তম বিসিএস]

  (ক) স্বরবৃত্ত (খ) অক্ষরবৃত্ত (গ) মন্দাক্রান্তা (ঘ) মাত্রাবৃত্ত

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ রবীন্দ্রনাথ ঠাকুরের অতিপ্রাকৃত গল্প কোনটি? [২৮তম বিসিএস]

(ক) একরাত্রি (খ) নষ্টনীড় (গ) ক্ষুধিত পাষাণ (ঘ) মধ্যবর্তিনী

➲ 'শিশুরাজ্যে এই মেয়েটি একটি ছোটখাট বর্গির উপদ্রব বলিলেই হয়।' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গল্পের সংলাপ? [২৭তম বিসিএস]

(ক) একরাত্রি (খ) শুভা (গ) সমাপ্তি (ঘ) পোস্টমাস্টার

➲ 'তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করি'-রবীন্দ্রনাথের কোন কাব্যের কবিতা? [২৬তম বিসিএস]

(ক) পূরবী (খ) শেষলেখা (গ) আকাশ প্রদীপ (ঘ) সেজুঁতি

➲ 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী'-এর রচয়িতা কে? [২৬তম বিসিএস]

(ক) ভানু বন্দ্যোপাধ্যায় (খ) চণ্ডীদাস (গ) রবীন্দ্রনাথ ঠাকুর (ঘ) ভারতচন্দ্র চট্টোপাধ্যায়

➲ 'মৃন্ময়ী' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন ছোটগল্পের নায়িকা? [২৫তম বিসিএস]

(ক) সমাপ্তি (খ) দেনা-পাওনা (গ) পোস্ট-মাস্টার (ঘ) মধ্যবর্তিনী

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ 'সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা' রবীন্দ্রনাথের কোন কাব্যের কবিতা? [২৫তম বিসিএস]

(ক) বলাকা (খ) সোনারতরী (গ) চিত্রা (ঘ) পুনশ্চ

➲ 'ভানুসিংহ' কার ছদ্মনাম? [২৪তম বিসিএস (বাতিল)]

(ক) রবীন্দ্রনাথ ঠাকুরের (খ) সত্যেন্দ্রনাথ দত্তের (গ) প্রমথ চৌধুরীর (ঘ) টেকচাঁদ ঠাকুরের

➲ 'সঞ্চয়িতা' কোন কবির কাব্য সংকলন? [২২তম বিসিএস]

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) সত্যেন্দ্রনাথ দত্ত (গ) কাজী নজরুল ইসলাম (ঘ) জসীম উদ্দীন

➲ রবীন্দ্রনাথের কোন গ্রন্থটি নাটক? [২২তম বিসিএস]

(ক) চোখের বালি (খ) বলাকা (গ) ঘরে-বাইরে (ঘ) রক্তকরবী

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ পদাবলী লিখেছেন– [২২তম বিসিএস]

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) মাইকেল মধুসূদন দত্ত
(গ) ঈশ্বরচন্দ্র গুপ্ত (ঘ) কায়কোবাদ

➲ কোনটি রবীন্দ্রনাথের রচনা? [২১তম বিসিএস]

(ক) চতুরঙ্গ (খ) চতুষ্কোণ (গ) চতুর্দশী (ঘ) চতুষ্পাঠী

➲ কোনটি কাব্যগ্রন্থ? [২০তম বিসিএস]

(ক) শেষ প্রশ্ন (খ) শেষ লেখা (গ) শেষের কবিতা (ঘ) শেষের পরিচয়

➲ রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম হলো- [১৯তম বিসিএস]

(ক) পরশুরাম (খ) নীললোহিত (গ) ভানুসিংহ ঠাকুর (ঘ) গাজী মিয়া

➲ কোন বইটি কবি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নয়? [১৮তম বিসিএস]

(ক) শেষের কবিতা (খ) দোলন-চাঁপা (গ) সোনার তরী (ঘ) মানসী

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ কোন উপন্যাসটির রচয়িতা রবীন্দ্রনাথ? [১৬তম বিসিএস]

(ক) বিষবৃক্ষ (খ) গণদেবতা (গ) আরণ্যক (ঘ) ঘরে-বাইরে

➲ রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর রচিত কোন নাটকটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেছিলেন? [১৫তম বিসিএস]

(ক) বিসর্জন (খ) ডাকঘর (গ) বসন্ত (ঘ) অচলায়তন

➲ রবীন্দ্রনাথ ঠাকুরের 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কবিতায় কবির উপলব্ধি হচ্ছে- [১৪তম বিসিএস]

(ক) ভবিষ্যৎ বিচিত্র ও বিপুল সম্ভাবনাময় (খ) বাধা-বিপত্তি প্রতিভাকে অঙ্কুরেই বিনষ্ট করে

(গ) প্রকৃতি বিপুল ঐশ্বর্য্যের অধিকারী (ঘ) ভাঙ্গার পরেই গড়ার কাজ শুরু হয়

➲ কোন সালে রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম-শতবার্ষিকী পালিত হয়? [১৩তম বিসিএস]

(ক) ১৯৫১ (খ) ১৯৬১ (গ) ১৯৭১ (ঘ) ১৯৮১

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ 'শৈবাল দীঘিরে কহে উচ্চ করি শির; লিখে রেখ, একবিন্দু দিলেম শিশির।' এ অংশটুকুর মূল প্রতিপাদ্য- [১৩তম বিসিএস]

(ক) প্রতিদান (খ) প্রত্যুপকার (গ) অকৃতজ্ঞতা (ঘ) অসহিষ্ণুতা

➲ 'বৈরাগ্য সাধনে– সে আমার নয়।' শূন্যস্থান পূরণ করুন। [১১তম বিসিএস]

(ক) আনন্দ (খ) মুক্তি (গ) বিশ্বাস (ঘ) আশ্বাস

➲ বাংলায় টি.এস. এলিয়টের কবিতার প্রথম অনুবাদক– [১০তম বিসিএস]

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) বিষ্ণু দে (গ) সুধীন্দ্রনাথ দত্ত (ঘ) বুদ্ধদেব বসু

➲ 'শেষের কবিতা' রবীন্দ্রনাথ রচিত– [১০তম বিসিএস]

(ক) কবিতার নাম (খ) গল্প সংকলনের নাম (গ) উপন্যাসের নাম (ঘ) কাব্য সংকলনের নাম

# কাজী নজরুল ইসলাম

কাজী নজরুল ইসলাম (২৪ মে ১৮৯৯ – ২৯ আগস্ট ১৯৭৬; ১১ জ্যৈষ্ঠ ১৩০৬ – ১২ ভাদ্র ১৩৮৩ বঙ্গাব্দ) জন্ম নেওয়া একজন বাঙালি কবি এবং পরবর্তীকালে বাংলাদেশের জাতীয় কবি।

- তিনি ছিলেন বিংশ শতাব্দীর অন্যতম অগ্রণী বাঙালি কবি, ঔপন্যাসিক, নাট্যকার, সঙ্গীতজ্ঞ ও দার্শনিক যিনি বাংলা কাব্যে অগ্রগামী ভূমিকা রাখার পাশাপাশি প্রগতিশীল প্রণোদনার জন্য সর্বাধিক পরিচিত। তিনি বাংলা সাহিত্য, সমাজ ও সংস্কৃতি ক্ষেত্রের অন্যতম শ্রেষ্ঠ ব্যক্তিত্ব হিসেবে উল্লেখযোগ্য এবং তিনি ছিলেন বাঙালি মনীষার এক তুঙ্গীয় নিদর্শন। পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ – দুই বাংলাতেই তার কবিতা ও গান সমানভাবে সমাদৃত।
- তার কবিতায় বিদ্রোহী দৃষ্টিভঙ্গির কারণে তাকে বিদ্রোহী কবি নামে আখ্যায়িত করা হয়েছে। তার কবিতার মূল বিষয়বস্তু ছিল মানুষের ওপর মানুষের অত্যাচার এবং সামাজিক অনাচার ও শোষণের বিরুদ্ধে সোচ্চার প্রতিবাদ।

# কাজী নজরুল ইসলাম

## কাব্যগ্রন্থঃ

অগ্নিবীণা (কার্তিক ১৩২৯ বঙ্গাব্দ, ২৫শে অক্টোবর ১৯২২ খ্রিষ্টাব্দ) - এই গ্রন্থে মোট বারোটি কবিতা আছে। কবিতাগুলি হচ্ছে - 'প্রলয়োল্লাস', 'বিদ্রোহী', 'রক্তাম্বর-ধারিণী মা', 'আগমণী', 'ধূমকেতু', কামাল পাশা', 'আনোয়ার 'রণভেরী', 'শাত-ইল-আরব', খেয়াপারের তরণী', কোরবানি' ও মোহররম'। এছাড়া গ্রন্থটির সর্বাগ্রে বিপ্লবী বারীন্দ্রকুমার ঘোষ-কে উৎসর্গ করে লেখা একটি উৎসর্গ কবিতাও আছে।

সাম্যবাদী (পৌষ ১৩৩২ বঙ্গাব্দ, ২০শে ডিসেম্বর ১৯২৫ খ্রিষ্টাব্দ) বইটিতে মোট ১১ টি কবিতা রয়েছে । সবগুলোতেই মানুষের সমতা নিয়েই আলোচনা করা হয়েছে ।

ঝিঙে ফুল চৈত্র (১৩৩২ বঙ্গাব্দ, ১৪ই এপ্রিল ১৯২৬ খ্রিষ্টাব্দ) - ছোটদের কবিতা

# কাজী নজরুল ইসলাম

## কাব্যগ্রন্থঃ

সিন্ধু হিন্দোল (১৩৩৪ বঙ্গাব্দ, ১৯২৮ খ্রিষ্টাব্দ) - এই কাব্যগ্রন্থে মোট ১৯টি কবিতা রয়েছে।

চক্রবাক (ভাদ্র ১৩৩৬ বঙ্গাব্দ, ১২ই আগস্ট ১৯২৯ খ্রিষ্টাব্দ) - এই কাব্যে নজরুল বেদনার ছবি তুলে ধরেছেন; এতে রয়েছে প্রেমের অনুভূতি এবং অতীত সুখের স্মৃতিচারণা।

নতুন চাঁদ (চৈত্র ১৩৫১ বঙ্গাব্দ, মার্চ ১৯৪৫ খ্রিষ্টাব্দ) । এতে রয়েছে নজরুলের ১৯টি কবিতা।

মরুভাস্কর (১৩৫৭ বঙ্গাব্দ, ১৯৫১ খ্রিষ্টাব্দ) - হজরত মোহাম্মদ সঃ এর জীবনী নিয়ে চারটি সর্গে ১৮ টি খণ্ড-কবিতা নিয়ে এই কাব্যগ্রন্থ।

ইসলামী কবিতা (১৯৮২ খ্রিষ্টাব্দ) - নজরুল ইসলামের ইসলামী কবিতা সংকলন।

# কাজী নজরুল ইসলাম

**কাব্যগ্রন্থঃ**

দোলন-চাঁপা (আশ্বিন ১৩৩০ বঙ্গাব্দ, অক্টোবর ১৯২৩ খ্রিষ্টাব্দ) প্রথম সংস্করণ এই কাব্যগ্রন্থে ১৯টি কবিতা ছিল। সূচিপত্রের আগে মুখবন্ধরূপে সংযোজিত কবিতা "আজ সৃষ্টি-সুখের উল্লাসে" ১৩৩০ বঙ্গাব্দের (১৯২৩ খ্রিষ্টাব্দ) জৈষ্ঠ মাসের কল্লোল পত্রিকায় প্রকাশিত হয়। দোলনচাঁপা কাব্যগ্রন্থের পরবর্তী সংস্করণে ৫০ টি কবিতা সংকলিত হয়।

**অন্যান্যঃ**

i. বিষের বাঁশি
ii. ভাঙ্গার গান
iii. চিত্তনামা
iv. ছায়ানট
v. ফণী-মনসা
vi. সঞ্চিতা
vii. সন্ধ্যা (২৪টি কবিতা আর গান নিয়েই এই গ্রন্থ। বাংলাদেশের রণসংগীত “চল চল চল, উর্ধ গগণে বাঝে মাদল” এই বই থেকে নেয়া হয়েছে।)

# POLL QUESTION-04

➲ কাজী নজরুল ইসলাম কর্তৃক সম্পাদিত পত্রিকা কোনটি ?

(a) ধূমকেতু

(b) সওগাত

(c) আলেয়া

(d) শিখা

১৯২০ = নবযুগ
১৯২২ = ধূমকেতু
লাঙ্গল = ১৯২৫

# কাজী নজরুল ইসলাম

**গল্পগ্রন্থ:**

i. ব্যথার দান (ফাল্গুন ১৩২৮ বঙ্গাব্দ, ১লা মার্চ ১৯২২ খ্রিষ্টাব্দ) - এটি নজরুলের প্রথম প্রকাশিত গ্রন্থ। এই গ্রন্থের গল্পগুলোর ভাষা আবেগাশ্রয়ী, বক্তব্য নর-নারীর প্রেমকেন্দ্রিক।

ii. রিক্তের বেদন (পৌষ ১৩৩১ বঙ্গাব্দ, ১২ই জানুয়ারি ১৯২৫ খ্রিষ্টাব্দ) - মোট ৮টি গল্প আছে এতে। উল্লেখযোগ্য - রাক্ষুসী

iii. শিউলি মালা (কার্তিক ১৩৩৮ বঙ্গাব্দ, ১৬ই অক্টোবর ১৯৩১ খ্রিষ্টাব্দ) - এই গ্রন্থে মোট ৪টি গল্প আছে। উল্লেখযোগ্য - পদ্ম-গোখরা, জিনের বাদ্‌শা।

অন্যান্যঃ

- হক সাহেবের হাসির গল্প - হাসির গল্প
- সাপুড়ে - আখ্যান

# কাজী নজরুল ইসলাম

**উপন্যাসঃ** ৮

i. বাঁধন হারা (শ্রাবণ ১৩৩৪ বঙ্গাব্দ, আগস্ট ১৯২৭ খ্রিষ্টাব্দ) - এটি একটি পত্রোপন্যাস। বাঁধন হারা নজরুল রচিত প্রথম উপন্যাস। করাচিতে থাকাকালীন তিনি 'বাঁধন হারা' উপন্যাস রচনা শুরু করেন।

ii. মৃত্যুক্ষুধা (মাঘ ১৩৩৬ বঙ্গাব্দ, জানুয়ারি ১৯৩০ খ্রিষ্টাব্দ) - লেখক এতে তুলে ধরেছেন তৎকালিন দারিদ্র্য, ক্ষুধা, দুর্ভিক্ষের পরিপ্রেক্ষিতে সপরিবার মেজ-বৌয়ের মুসলিম থেকে খ্রিষ্টান ধর্ম গ্রহণ। নারী জীবনের দুর্বিষহ অন্ধকার এবং সমাজের বাস্তবচিত্র এই উপন্যাসে তুলে ধরা হয়।

iii. কুহেলিকা (শ্রাবণ ১৩৩৮ বঙ্গাব্দ, ২১শে জুলাই ১৯৩১ খ্রিষ্টাব্দ)। এই উপন্যাসের মধ্য দিয়ে নজরুলের রাজনৈতিক আদর্শ ও মতবাদ প্রতিফলিত হয়েছে।

# কাজী নজরুল ইসলাম

## নাটক

i. ঝিলিমিলি (নাট্যগ্রন্থ) ১৯৩০

ii. আলেয়া (গীতিনাট্য) ১৯৩১

iii. পুতুলের বিয়ে (কিশোর নাটক) ১৯৩৩

i. মধুমালা (গীতিনাট্য) ১৯৬০

ii. ঝড় (কিশোর কাব্য-নাটক) ১৯৬০

i. পিলে পটকা পুতুলের বিয়ে (কিশোর কাব্য-নাটক) ১৯৬৪

## প্রবন্ধ এবং নিবন্ধ

i. যুগবাণী, ১৯২২

ii. ঝিঙ্গে ফুল, ১৯২৬

iii. দুর্দিনের যাত্রী , ১৯২৬

iv. রুদ্রমঙ্গল, ১৯২৭

v. ধূমকেতু , ১৯৬১

vi. রাজবন্দির জবানবন্দি

## অনুবাদ এবং বিবিধ

i. রাজবন্দীর জবানবন্দী (প্রবন্ধ) ১৯২৩

ii. দিওয়ানে হাফিজ (অনুবাদ) ১৯৩০

iii. কাব্যে আমপারা (অনুবাদ) ১৯৩৩

iv. মক্তব সাহিত্য (মক্তবের পাঠ্যবই) ১৯৩৫

v. রুবাইয়াৎ-ই-ওমর খৈয়াম (অনুবাদ) ১৯৫৮

vi. নজরুল রচনাবলি (ভলিউম ১-৪, বাংলা একাডেমি)১৯৯৩

# POLL QUESTION-05

➲ কাজী নজরুল ইসলাম রবীন্দ্রনাথকে উৎসর্গ করেছেন -

(a) সঞ্চিতা

(b) ব্যথার দান

(c) মানসী

(d) রাজবন্দীর জবানবন্দী

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ কাজী নজরুল ইসলামের মোট ৫টি গ্রন্থ বিভিন্ন সময়ে ব্রিটিশ ঔপনিবেশিক সরকার বাজেয়াপ্ত করে। কোন বইটি প্রথম বাজেয়াপ্ত হয়? [৪১তম বিসিএস]

(ক) বিষের বাঁশি (খ) যুগবাণী (গ) ভাঙার গান (ঘ) প্রলয় শিখা

➲ 'বিদ্রোহী' কবিতাটি কোন সনে প্রথম প্রকাশিত হয়? [৪০তম বিসিএস]

(ক) ১৯২৩ সন (খ) ১৯২১ সন (গ) ১৯১৯ সন (ঘ) ১৯১৮ সন

➲ 'বাঁধন হারা' কাজী নজরুল ইসলামের কোন ধরনের রচনা? [৩৯তম বিসিএস]

(ক) ভ্রমণ কাহিনি (খ) উপন্যাস (গ) নাটক (ঘ) কবিতা

➲ কাজী নজরুল ইসলামের 'অগ্নিবীণা' কাব্যের প্রথম কবিতা কোনটি? [৩৮তম বিসিএস]

(ক) আগমনী (খ) কোরবানী (গ) প্রলয়োল্লাস (ঘ) বিদ্রোহী

➲ কাজী নজরুল ইসলাম তাঁর কবিতায় 'কালাপাহাড়'- কে স্বরণ করেছেন কেন? [৩৭তম বিসিএস]

(ক) ব্রাহ্মণ্যযুগে নব মুসলিম ছিলেন বলে (খ) ইসলামের গুণকীর্তন করেছিলেন বলে

(গ) প্রাচীন বাংলার বিদ্রোহী ছিলেন বলে (ঘ) প্রচলিত ধর্ম ও সংস্কার-বিদ্বেষী ছিলেন বলে

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ কোনটি কাজী নজরুল ইসলামের উপন্যাস? [৩৬তম বিসিএস]

(ক) রিক্তের বেদন (খ) সর্বহারা (গ) আলেয়া (ঘ) কুহেলিকা

➲ কাজী নজরুল ইসলাম রচিত গল্প কোনটি? [৩২তম বিসিএস]

(ক) পদ্মরাগ (খ) পদ্মগোখরা (গ) পদ্মপুরাণ (ঘ) পদ্মাবতী

➲ 'বিদ্রোহী' কবিতা কোন কাব্যের অন্তর্গত? [৩১তম বিসিএস]

(ক) দোলনচাঁপা (খ) বিষের বাঁশী (গ) সাম্যবাদী (ঘ) অগ্নিবীণা

➲ 'অগ্নিবীণা' কাব্যের প্রথম কবিতা কোনটি? [২৯তম বিসিএস]

(ক) ধূমকেতু (খ) বিদ্রোহী (গ) প্রলয়োল্লাস (ঘ) অগ্রপথিক

➲ নজরুল ইসলামের সম্পাদিত পত্রিকা কোনটি? [২৮তম বিসিএস]

(ক) মাহে নও (খ) সওগাত (গ) ধূমকেতু (ঘ) কালিকলম

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ 'দারিদ্র্য' কবিতাটি নজরুল ইসলামের কোন কাব্যের অন্তর্ভুক্ত? [২৬তম বিসিএস]

(ক) সাম্যবাদী (খ) বিষের বাঁশী (গ) সিন্ধু হিন্দোল (ঘ) নতুন চাঁদ

➲ কাজী নজরুল ইসলামের উপন্যাস কোনটি? [২৬তম বিসিএস]

(ক) মৃত্যুক্ষুধা (খ) আলেয়া (গ) ঝিলিমিলি (ঘ) মধুমালা

➲ কাজী নজরুল ইসলাম কোন কবিতা রচনার জন্য কারাবরণ করেন? [২৬তম বিসিএস]

(ক) বিদ্রোহী (খ) প্রলয়োল্লাস (গ) আনন্দময়ীর আগমনে (ঘ) নারী

➲ কোন কবিতা রচনার জন্য কাজী নজরুল ইসলামের 'অগ্নিবীণা' কাব্য নিষিদ্ধ হয়? [২৫তম বিসিএস]

(ক) বিদ্রোহী (খ) আনন্দময়ীর আগমনে

(গ) প্রলয়োল্লাস (ঘ) রক্তাম্বরধারিণী মা

➲ 'ফণী-মনসা' কাব্যের রচয়িতা কে? [২৪তম বিসিএস (বাতিল)]

(ক) কাজী নজরুল ইসলাম (খ) আহসান হাবীব

(গ) সিকান্দার আবু জাফর (ঘ) হাসান হাফিজুর রহমান

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ ‘কাটাকুঞ্জে বসি তুই গাঁথিবি মালিকা
দিয়া গেনু ভালে তোর বেদনার টীকা’
—এই উদ্ধৃতাংশটি কোন কবির রচনা? [২৪তম বিসিএস (বাতিল)]
(ক) কাজী নজরুল ইসলাম (খ) মাইকেল মধুসূদন দত্ত
(গ) সুকান্ত ভট্টাচার্য (ঘ) বেনজীর আহমেদ

➲ ‘সঞ্চিতা’ কোন কবির কাব্য সংকলন? [২৪তম বিসিএস (বাতিল)]
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) সত্যেন্দ্রনাথ দত্ত (গ) কাজী নজরুল ইসলাম (ঘ) জীবনানন্দ দাশ

➲ কাজী নজরুল ইসলামের নামের সাথে জড়িত ‘ধূমকেতু’ কোন ধরনের প্রকাশনা? [২৪তম বিসিএস]
(ক) কবিতা (খ) পত্রিকা (গ) উপন্যাস (ঘ) ছোটগল্প

➲ কাজী নজরুল ইসলামের উপন্যাস কোনটি? [২৪তম বিসিএস]
(ক) মৃত্যুক্ষুধা (খ) আলেয়া (গ) ঝিলিমিলি (ঘ) মধুমালা

➲ কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত লেখা কোনটি? [২২তম বিসিএস]
(ক) বাউণ্ডুলের আত্মকাহিনী (খ) মুক্তি (গ) হেবা (ঘ) বিদ্রোহী

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ কোন কবিতা রচনার কারণে নজরুল ইসলামের কারাদণ্ড হয়েছিল? [২২তম বিসিএস]

(ক) বিদ্রোহী (খ) আনন্দময়ীর আগমনে (গ) কাণ্ডারী হুঁশিয়ার (ঘ) অগ্রপথিক

➲ কোনটি কাজী নজরুল ইসলাম রচিত গ্রন্থ? [২১তম বিসিএস]

(ক) বিষের বাঁশী (খ) বন্দীর বন্দনা (গ) সন্দ্বীপের চর (ঘ) রূপসী বাংলা

➲ নজরুল ইসলামের প্রথম প্রকাশিত গ্রন্থ কোনটি? [২০তম বিসিএস]

(ক) রাজবন্দীর জবানবন্দী (খ) ব্যথার দান (গ) অগ্নিবীণা (ঘ) নবযুগ

➲ কাজী নজরুল ইসলাম রচিত গ্রন্থ কোনটি? [২০তম বিসিএস]

(ক) অগ্নিকোণ (খ) মরুশিখা (গ) মরুসূর্য (ঘ) রাঙাজবা

➲ 'বিদ্রোহী' কবিতাটি কবি নজরুল ইসলামের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? [১৯তম বিসিএস]

(ক) অগ্নিবীণা (খ) বিষের বাঁশী (গ) দোলন চাঁপা (ঘ) বাঁধনহারা

➲ কবি কাজী নজরুল ইসলাম 'সঞ্চিতা' কাব্যটি কাকে উৎসর্গ করেছিলেন? [১৬তম বিসিএস]

(ক) বারীন্দ্রকুমার ঘোষ (খ) রবীন্দ্রনাথ ঠাকুর (গ) বীরজাসুন্দরী দেবী (ঘ) মুজাফফর আহমদ


BCS কঠিন নয়;
প্রস্তুতি যদি গোছানো হয়